

(একই স্মারক ও তারিখে স্থলাভিষিক্ত হবে)



বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড
বাঘাবাড়ীঘাট দুগ্ধ কারখানা, শাহজাদপুর, সিরাজগঞ্জ
E-mail: bdp.factory1@gmail.com



স্মারক নং-বিডিপি/নিলাম-৫৭/২০২২/১৪৭০

তারিখ: ০১ অক্টোবর, ২০২২ খ্রি।

প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাঘাবাড়ীঘাট দুগ্ধ কারখানা প্রাপ্তনের পুরাতন টিনশেড গোড়াউন ও নদীর তীর সংলগ্ন পুরাতন ড্রাইভার রুম “যেখানে যে অবস্থায় আছে” নিলামে বিক্রয়ের জন্য আগামী ১১-১০-২০২২ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০:৩০ ঘটিকার সময় ভিআইপি রেস্ট হাউজের নিচতলায় প্রকাশ্য নিলাম ডাক অনুষ্ঠিত হবে। উক্ত ডাকে আহ্বাহী অংশগ্রহণকারীগণ যথাসময়ে উপস্থিত হয়ে জামানত হিসেবে ২০,০০০.০০ (বিশ হাজার) টাকা মাত্র কমিটির নিকট জমা রেখে (ফেরতযোগ্য) নিম্নোক্ত শর্তসাপেক্ষে প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণ করতে পারবেন।

শর্তসমূহ:

- আহ্বাহী ক্রেতা/দরদাতা/ব্যবসায়ীগণ নিলামে অংশগ্রহণের পূর্বে একই দিন সকাল (০৯:০০ ঘটিকা হতে বেলা ১০:৩০ ঘটিকা পর্যন্ত) নিজ নিজ জাতীয় পরিচয়পত্রের অনুলিপি সহ নিজ নাম তালিকাভুক্ত করতে হবে। নিলাম তালিকায় নাম অন্তর্ভুক্ত না করে নিলাম ডাকে অংশগ্রহণ করা যাবে না।
- কেবলমাত্র তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান/দরদাতাগণই অহবানকৃত নিলামে অংশগ্রহণ করতে পারবেন। নিলাম ডাক একই দিন বেলা ১১:০০ ঘটিকা হতে বেলা ১২:৩০ ঘটিকা পর্যন্ত অনুষ্ঠিত হবে। দরদাতাকে তার দাখিলকৃত দরের সাথে অবশ্যই সরকার নির্ধারিত ৭.৫% ভ্যাট এবং ৫% আয়কর প্রদান করতে হবে। কৃতকার্য দরদাতার দাখিলকৃত দর হতে জামানতের টাকা সমন্বয় করা হবে।
- সর্বোচ্চ দরদাতাকে কৃতকার্য দরদাতা হিসাবে বিবেচনা করা হবে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের যথাযথ অনুমোদন প্রাপ্তির পর কৃতকার্য দরদাতাকে কার্যাদেশ প্রদান করা হবে। কার্যাদেশ প্রদানের পাঁচ কার্যদিবসের মধ্যে নিলাম ডাকে স্থিরকৃত সমুদয় অর্থ নগদে/“বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড” এর অনুকূলে প্রস্তুতকৃত পে-অর্ডারের মাধ্যমে বাঘাবাড়ীঘাট দুগ্ধ কারখানার অর্থ ও হিসাব শাখায় অফিস চলাকালীন সময়ে পরিশোধ/জমা করতে হবে। ব্যর্থতায় তার দাখিলকৃত নিরাপত্তা জামানতসহ দর বাতিল বলে গণ্য করা হবে।
- কার্যাদেশ প্রাপ্তির সর্বোচ্চ ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে কৃতকার্য দরদাতা সম্পূর্ণ নিজ ব্যবস্থাপনায় ও খরচে বর্ণিত ভবনদ্বয় ভেঙ্গে প্রাপ্ত মালামাল ও আর্বজনা অপসারণ করবেন। এ সময় তিনি মিক্স ইউনিয়নের কোন স্থাপনার ক্ষতি সাধন করতে পারবেন না এবং এ কাজে তিনি মিক্স ইউনিয়নের কোন উপকরণ ব্যবহার করতে পারবেন না।
- মিক্স ইউনিয়ন কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল করার ক্ষমতা রাখেন।
- কার্যাদেশ প্রদানের পর কোন প্রকার প্রাকৃতিক দুর্যোগ এর কারণে প্রতিকূল অবস্থার সৃষ্টি হলে এর কোন প্রকার দায়দায়িত্ব মিক্স ইউনিয়নের উপর বর্তাবে না বা কোন প্রকার ক্ষতি পূরণ মিক্স ইউনিয়ন প্রদানে বাধ্য থাকবে না। শর্তানুসারে ভবনদ্বয় ভেঙ্গে প্রাপ্ত মালামাল ইট/আধলা, আস্তরের ভগ্নাংশ যাবতীয় আর্বজনা কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী ঠিকাদার কর্তৃক অপসারণ/গ্রহণ করার পর তার নিরাপত্তা জামানত ফেরত প্রদান করা হবে।

মোঃ আজিজুর রহমান
অতিরিক্ত মহাব্যবস্থাপক (বিডিপি)

ও
আহ্বায়ক, নিলাম কমিটি।

অনুলিপিঃ (সদয় জ্ঞাতার্থে/প্রয়োজনীয় কার্যার্থে) :

- মহাব্যবস্থাপক (এএফএ/টেক. ও অপা.-অ. দা.)।
- অতিরিক্ত মহাব্যবস্থাপক (প্রশাসন/অর্থ ও হিসাব-অ. দা.)।
- উপ-মহাব্যবস্থাপক (সমিতি-বা.দু.এ)।
- সংশ্লিষ্ট কমিটির সকল সদস্যগণ।
- পিও টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- পিও টু এমডি (এমডি মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ভারপ্রাপ্ত কর্মকর্তা (নিরাপত্তা), বিডিপি।
- মিক্স ভিটার ওয়েবসাইট।
- নোটিশ বোর্ড, বিডিপি/(উপজেলা-উল্লাপাড়া, শাহজাদপুর, বেড়া, সাঁথিয়া)/সমিতি বিভাগ/সিডিটি/প্রধান ফটক।
- অফিস নথি।